


# ফস্টারিং অ্যাক্সেস, রাইটস অ্যান্ড ইকুইটি (FARE) গ্রান্ট

## FARE গ্রান্ট কী?

নিয়োগের অধিকার ও সুবিধা দাবি করা মহিলাদের প্রচার ও উপস্থাপনা পরিচালনা করতে U.S. ডিপার্টমেন্ট অফ লেবার'স উইমেন'স ব্যুরো (U.S. Department of Labor's Women's Bureau) থেকে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (NYS DOL)-কে একটি অনুদান পাঠানো হয়েছে। আমরা ব্যক্তিগতভাবে ও ভার্চুয়াল উপস্থাপনা ও অনুষ্ঠানের মাধ্যমে নিউ ইয়র্ক সিটির বাইরে, বিশেষত গ্রামাঞ্চলের প্রান্তিক ও কম প্রতিনিধিত্বপ্রাপ্ত মহিলাদের কাছে পৌঁছনোর লক্ষ্যে আছি। আমাদের লক্ষ্য হল সম্পূর্ণ স্টেটের মহিলাদের ক্ষমতায়নের জন্য তাঁদের শিক্ষা ও জ্ঞানের বিকাশ ঘটিয়ে তাঁদের নিজস্ব কমিউনিটিতে অধিকার ও সুবিধার প্রধান কেন্দ্রবিন্দু করে তুলতে সাহায্য করা।

### আমি কীভাবে কোনো উপস্থাপনার অনুরোধ জানাতে পারি?

NYSDOL-কে **info.nysdol@labor.ny.gov** -তে ইমেইল করে বা **888-4-NYSDOL (888-469-7365)**-তে ফোন করে যোগাযোগ করুন।

## মনোযোগের বিষয়

### ন্যূনতম মজুরি

সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট (NYS)-এর কর্মীরা কমপক্ষে ঘণ্টায় একটি ন্যূনতম মজুরি পাওয়ার অধিকারী।

| স্থান | ন্যূনতম মজুরি *1/1/2024 তারিখে* | |
|---|---|---|
| নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টার কাউন্টি | $16,00/ঘণ্টা | $18,55/ঘণ্টা হোম কেয়ার এইড |
| নিউ ইয়র্ক স্টেটের বাকি অংশ | $15,00/ঘণ্টা | $17,55/ঘণ্টা হোম কেয়ার এইড |

### টিপ পাওয়ার যোগ্য কর্মীদের ক্ষেত্রে ন্যূনতম মজুরি

NYS আইন নিয়োগকর্তা দ্বারা মজুরির সাথে গ্রাহক দ্বারা কর্মীকে প্রদত্ত টিপ যোগ করে ন্যূনতম মজুরি দেওয়ায় বেশিরভাগ শিল্পে নিয়োগকর্তাদের অনুমতি প্রদান করে। কেবল আতিথেয়তা শিল্পের নিয়োগকর্তারা ন্যূনতম মজুরি থেকে টিপ ক্রেডিট নিতে অনুমতিপ্রাপ্ত। কেবল টিপ প্রদানকারী জীবিকা নিষিদ্ধ।

| স্থান | পরিষেবার কর্মীবৃন্দ *1/1/2024 তারিখে* | খাদ্য পরিষেবা কর্মী *1/1/2024 তারিখে* |
|---|---|---|
| নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টার কাউন্টি | $13,35 মজুরি<br>$2.65 টিপ ক্রেডিট | $10.65 মজুরি<br>$5.35 টিপ ক্রেডিট |
| নিউ ইয়র্ক স্টেটের বাকি অংশ | $12.50 মজুরি<br>$2.50 টিপ ক্রেডিট | $10.00 মজুরি<br>$5.00 টিপ ক্রেডিট |

### ওভারটাইম

বেশিরভাগ কর্মী একটি কাজের সপ্তাহে 40 ঘণ্টার বেশি কাজ করলে তাঁদের ওভারটাইম মজুরি দিতে হবে। ওভারটাইম মজুরি আপনার নিয়মিত মজুরির 1½ গুন। টিপ প্রাপ্ত কর্মীদের ক্ষেত্রে, নিয়োগকর্তাদের ওভারটাইমে কাজ করা ঘণ্টার জন্য ন্যূনতম মজুরির 1½ গুন দিতে হবে এবং টিপ ক্রেডিট কমাতে হবে। কৃষি কর্মীরা বর্তমানে একটি কাজের সপ্তাহে 56 ঘণ্টা কাজ করার পরে এবং তাদের নির্ধারিত বিশ্রামের দিনে যেকোনও সময় কাজ করার জন্য ওভারটাইম উপার্জন করেন।

### ভুল শ্রেণীবিন্যাস: কর্মচারী না স্বতন্ত্র ঠিকাদার?

কোনও কর্মী কর্মচারী না স্বতন্ত্র ঠিকাদার, তা নির্ধারণ করার জন্য নিয়োগকর্তা-কর্মচারীর সম্পর্কের ধরন অবশ্যই বিবেচনা করতে হবে। স্বতন্ত্র ঠিকাদাররা নিজেদের জন্য ব্যবসা করছেন এবং সাধারণ মানুষকে তাঁদের পরিষেবা দিচ্ছে।

একজন স্বতন্ত্র ঠিকাদারের কাজে যেগুলি থাকে না সেগুলি হল:

- তত্ত্বাবধান
- পরিচালনা
- নিয়ন্ত্রণ

অপরদিকে, নিয়োগকর্তা-কর্মচারী সম্পর্ক তখনই থাকে যখন নিয়োগকর্তা:

- কর্মী কখন, কোথায় ও কীভাবে কাজ করবে তা নির্ধারণ করেন
- সুবিধা, সরঞ্জাম, টুল ও সরবরাহ দেন
- সরাসরি কাজটির তত্ত্বাবধান করেন
- কাজের ঘণ্টা ও মজুরির পরিমাণ স্থির করেন ইত্যাদি।

এখানে আরও জানুন: **dol.ny.gov/independent-contractors**

কোনও নিয়োগকর্তা একজন কর্মচারীকে ইচ্ছাকৃতভাবে স্বতন্ত্র ঠিকাদার হিসাবে ভুল শ্রেণীবিভাগ করলে, তা জালিয়াতি। কিছু নিয়োগকর্তা বেকারত্ব বীমা, কর্মীদের ক্ষতিপূরণ, সামাজিক সুরক্ষা, কর আটকানো ও ন্যূনতম মজুরি মেনে চলা এড়ানোর জন্য এই কৌশল কাজে লাগান। NYS DOL-কে **dol.ny.gov/report-fraud** -তে অনলাইনে বা 24-ঘণ্টার জালিয়াতির হটলাইনে ফোন করে জালিয়াতি রিপোর্ট করুন: **866-435-1499**

# NYS-এ মহিলা কর্মী হিসাবে আপনার অধিকার জানুন

## বতেন প্রদানে স্বচ্ছতা দওেয়ার জন্য আইন

17 সেপ্টেম্বর, 2023 থেকে, নিউইয়র্ক রাজ্যের চার (4) বা তার বেশি কর্মী সহ NYS নিয়োগকর্তাদের অবশ্যই তাদের চাকরির পোস্টিং-এ একটি বেতনের হার বা বেতনের সীমা উল্লেখ করতে হবে, অন্তত আংশিকভাবে। চাকরির পোস্টিংয়ে অবশ্যই বেতনের হার বা বেতনের পরিসরের বিজ্ঞাপন দিতে হবে, যা নিয়োগকর্তা বিশ্বাস করেন, পোস্ট করার সময় সত্য হতে হবে এবং সম্ভাব্য আবেদনকারীকে প্রত্যাশিত বেতনের একটি বৈধ ধারণা দিতে হবে।

## বেতনের ইতিহাস নিষিদ্ধ করার আইন

6 জানুয়ারী, 2020 থেকে, NYS নিয়োগকর্তারা চাকরির আবেদনকারীদের তাদের বেতন এবং সুবিধার ইতিহাসের জন্য আর জিজ্ঞাসা করতে পারবেন না এবং এই তথ্যটি একজন আবেদনকারীকে ইন্টারভিউ বা চাকরির প্রস্তাব দিতে হবে কি না, তা নির্ধারণ করার একটি কারণ হিসাবে ব্যবহার করা যাবে না। বেতন প্রত্যাশা নিয়ে আলোচনা করা যেতে পারে এবং আলোচনার উদ্দেশ্যে কেউ কেউ তাদের বেতনের ইতিহাস প্রকাশ করতে চাইতে পারে।

## বেতনের বিজ্ঞপ্তি

আপনাকে নিয়োগ করা হলে আপনার নিয়োগকর্তা আপনাকে একটি বেতনের বিজ্ঞপ্তি অবশ্যই দেবেন, যেখানে নির্দিষ্ট কিছু গুরুত্বপূর্ণ তথ্য থাকবে, যেমন:

- আপনাকে কত পরিমাণে ও কতদিন অন্তর বেতন দেওয়া হবে
- নিয়মিত বেতনের তারিখ এবং
- আপনার বেতন থেকে কিছু কাটা হবে কিনা

## বেতনের সমতা

একজন মহিলা ও একজন পুরুষ যদি একই কাজ করেন এবং নিয়োগকর্তা মহিলাকে তাঁর লিঙ্গের ভিত্তিতে পুরুষের থেকে কম বেতন দেন, তাহলে তা বেআইনি। বেতনে পার্থক্য কেবল বরিষ্ঠতা, যোগ্যতা বা লিঙ্গ ব্যতীত অন্য কোনও প্রকৃত কারণ, যেমন শিক্ষা বা অভিজ্ঞতার জন্য হতে পারে।

## বেতনের বিবরণ ও কর্তন

আপনি যত ঘন্টা কাজ করবেন আপনাকে তত ঘণ্টার বেতন দিতে হবে। আপনাকে নগদ বা চেকের মাধ্যমে বেতন দেওয়া হতে পারে, কিন্তু প্রত্যেকবার বেতন পাওয়ার সময় আপনাকে বেতনের বিস্তারিত বিবরণ দিতে হবে।

নিয়োগকর্তা আপনাকে কোনো ভাঙ্গন, লুণ্ঠন, ক্ষয়ক্ষতি, সাধারণ খরচ ও রক্ষণাবেক্ষণ, নিয়োগকর্তার ব্যবসার খরচ বা নগদের কোনো ঘাটতির জন্য দোষারোপ করতে পারবে না।

## ভাষা ব্যবহার

যে NYS এজেন্সিগুলি মানুষজনকে সরাসরি পরিষেবা দেয়, তাঁদেরকে গুরুত্বপূর্ণ ফর্ম ও নির্দেশাবলীর জন্য জনগণের সদস্যদের বিনামূল্যে দোভাষী ও অনুবাদ পরিষেবা দিতে হবে। সাংকেতিক ভাষাসহ 200টিরও বেশি ভাষায় দোভাষী পরিষেবা প্রদান করা হয়। NYS DOL-এ গুরুত্বপূর্ণ লিখিত নথিপত্রগুলিকে স্টেটের প্রধান16টি ভাষায় অনুবাদ করা হয়।

## কর্মক্ষেত্রে সন্তানকে বুকের দুধ পান করানো

সন্তান প্রসবের পরে তিন (3) বছর পর্যন্ত কর্মক্ষেত্রে সন্তানকে বুকের দুধ পান করানোর জন্য স্তন্যদাত্রী মায়েদের যুক্তিসঙ্গত বেতনহীন বিরতি নেওয়া অথবা বেতনসহ বিরতি বা খাওয়ার সময় ব্যবহার করার অধিকার আছে। সমস্ত NYS নিয়োগকর্তাকে কর্মচারীর কর্মক্ষেত্রের কাছাকাছি একটি ব্যক্তিগত মাতৃদুগ্ধ নিঃসরণ করার স্থান প্রদান করতে হবে যার মধ্যে থাকবে একটি বসার জায়গা, টেবিল বা অন্যান্য সমতল পৃষ্ঠ, আলো, একটি বৈদ্যুতিক আলো (যদি কর্মক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ করা হয়), এবং সহজেই পরিষ্কার জল পাওয়া। প্রদত্ত স্থান কোনো বাথরুম হতে পারবে না।

## কর্মক্ষেত্রে যৌন হয়রানি

NYS-এর সমস্ত নিয়োগকর্তাদের একটি যৌন হয়রানি থেকে মুক্ত কর্মক্ষেত্র দিতে হবে। আইন অনুসারে, নিয়োগকর্তাদের অবশ্যই একটি যৌন হয়রানি প্রতিরোধ নীতি থাকতে হবে এবং এই নীতির একটি অনুলিপি সমস্ত কর্মচারীকে দিতে হবে এবং তার সাথে এর উপর একটি বার্ষিক প্রশিক্ষণও দিতে হবে।

## NYS বেতনসহ অসুস্থতা ও সুরক্ষার ছুটি

NYS-এর বেসরকারি সংস্থার কর্মীরা বেতনসহ অসুস্থতা ও সুরক্ষার ছুটি আইনের অধীনে আছেন। কর্মচারীরা 30 প্রতি ঘণ্টা কাজ করার পরে ন্যূনতম এক (1) ঘণ্টা অসুস্থতা ও সুরক্ষার ছুটি নিতে পারেন। এই ছুটি বেতনসহ হবে না বেতনবিহীন, তা নিয়োগকর্তার সংস্থার আকারের উপর নির্ভর করে।

## বেকারত্ব বীমা

আপনি যদি NYS-এ কাজ করে থাকেন এবং নিজের কোনও দোষ ছাড়াই চাকরি হারিয়ে থাকেন, তাহলে আপনি বেকারত্ব বীমা পাওয়ার যোগ্য হতে পারেন। আপনার কাছে ক্লেম করার মতো যথেষ্ট উপার্জন থাকতে হবে; আপনাকে কাজের জন্য প্রস্তুত, ইচ্ছুক ও সক্ষম থাকতে হবে; সক্রিয়ভাবে কাজ খুঁজতে হবে এবং আপনার কাজ খোঁজার চেষ্টাগুলিকে নথিভুক্ত করে রাখতে হবে। অনলাইনে **dol.ny.gov/**-তে আবেদন করুন বা **888-209-8124**-তে ফোন করুন।

## আমি কীভাবে অভিযোগ দায়ের করব?

ডিভিশন অফ লেবার স্ট্যান্ডার্ডস NYS শ্রম আইনের লঙ্ঘনগুলি সমাধানে সাহায্য করে। যদি কোনও কর্মীকে শ্রম আইনের সম্ভাব্য লঙ্ঘন সম্বন্ধে অভিযোগ করার জন্য বা NYS শ্রম আইনের অধীনে সুরক্ষিত কোনও অধিকার গ্রহণ করার জন্য চাকরি থেকে তাড়ানো হয়, শাস্তি দেওয়া হয় অথবা তার বিরুদ্ধে যে কোনো উপায়ে বৈষম্য করা হয় বা প্রতিশোধ নেওয়া হয়, তাহলে তা বেআইনি।

অভিযোগ দাখিল করার জন্য **LS223** ফর্ম জমা দিন। আরও তথ্যের জন্য লেবার স্ট্যান্ডার্ডসে যোগাযোগ করুন: **888-52-LABOR (888-525-2267)** বা **LSAsk@labor.ny.gov**.

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে **dol.ny.gov/fostering-access-rights-and-equity-fare-grant**-এ যান

নডি ইয়র্ক স্টটে ডপিার্টমনে্ট অভ লবোর (নডি ইয়র্ক স্টটেরে শ্রম দপ্তর) একটি সিমান সুযে াগ প্রদানকারী নযি়ে াগকর্তা/কার্যক্রম।
TTY/TDD 711 বা 1-800-662-1220 (ইংরজেি) / 1-877-662-4886 -এ অক্ষম ব্যক্তদিরে অনুরে াধরে ভত্তিতিে সাহায্যকারী সহায়তা এবং পরষিবোগুলি বিনামূল্যে উপলব্ধ রয়ছে।
P22 BN (1/24)
FARE অনুদান $350,000 ফডেরোল গ্রান্ট দ্বারা তহবলিপ্রাপ্ত, যা এর 100% বাজটে গঠন কর।ে স্টটে বা বসেরকারি উৎসগুলি দ্বারা 0% বা $0 তহবলিপ্রাপ্ত।